# শুধুই বিদ্রোহী নও

–সুপর্ণা ভট্টাচার্য্য

তোমাকে সবাই 'বিদ্রোহী' নামে চেনে;
প্রেমের পরশখানি দিয়ে তুমি যে মুন্সিয়ানা বেঁধেছিলে-
সে'সব কথা- গানের বুলি তারা আওড়ায় ঠিকই,
তবুও তোমায় তারা শুধুই 'বিদ্রোহী' নামেই চেনে;

যে প্রেমের বাঁধনে এপার - ওপার বাংলায় মৈত্রী'র
সেতু গড়েছিলে,
যে প্রেমের বাঁধনে মন্দির- মসজিদ এক করেছিলে,
তার কথা লোকমুখে শুধুই 'বিদ্রোহী-রণসম' ঠেকে ।

গুলবাগিচার প্রেমমুক্তো কুঁড়িয়ে সুরবাণীর যে
মাল্যহার বানালে-
ধূমকেতুর তপ্ততা'কে প্রেয়সীর খোঁপার আলগা
বাঁধনে যে রক্তিম গোলাপ করে সাজালে -
বিনোদবেণীর আড়াই প্যাঁচে যে ভালোবাসার কথা
খুব সহজেই বলেছিলে -

নাহ্ ! তবুও সকলের মনে তোমার বীণা শুধুই
অগ্নিতপ্তসম,
তবুও সকলের কানে তোমার বাঁশি শুধুই বিষজ্বালাসম ;

তারা ভুলে যায় বারবার,
মানসিক বিকারে স্মৃতিভ্রষ্ট তুমি কি দারুণ
প্রেমরসের'ও প্রতীক !
কোনো প্রেমিক এখনও তোমার 'বিদ্রোহী'
তকমার গহন হতে লুক্কায়িত দু'কলি রসের
পদ্যাংশ তার প্রেয়সীকে উৎসর্গ করে,
এখনও সন্ধ্যামালতি তোমার গানের প্রতিলিপি হয়ে ফোটে,
এখনও সূর্যমুখী ফুলের মতোই তোমার প্রেমসম্ভার প্রকাশিত;

তবুও যারা শুধুই 'বিদ্রোহী' ব'লে চেনে তোমায়,
তাদের বলছি-
তুমি শুধু'ই 'বিদ্রোহী' ন'ও,
তুমি একাধারে 'প্রেমের ভক্তিকবি' ।।